

সফিউদ্দিন সরকার একাডেমি এন্ড কলেজ

২য় সপ্তাহের বাড়ির কাজ ২০২১

বিষয়: গণিত শ্রেণি: ৫ম

১। সংজ্ঞা/সূত্র লিখ/ সংক্ষিপ্ত উত্তর দাও:

ক) গুণ, গুণ্য, ভাজ্য, ভাগশেষ।

খ) i) গুণকের সূত্রটি লেখ। ii) গুণফল \div গুণক = ?

iii) নিঃশেষে বিভাজ্যের ক্ষেত্রে, ভাজ্য = ?

iv) নিঃশেষে বিভাজ্য না হলে, ভাজ্য এবং ভাগফলের সূত্র লেখ।

v) ঐকিক নিয়ম কাকে বলে?

২। ক) $৭৮ \times ৬৩ = ৪৯১৪$, এই গুণটি ব্যবহার করে ৭৮০×৬৩০ এবং ৫৩০০×২৯০ গুণগুলো কর।

খ) সহজ পদ্ধতিতে গুণ কর: ৯৯×৭৫ এবং ১০০১×২৯০

৩। একজন লোক প্রতি মাসে ৮৫০ টাকা করে জমা করেন। কততম মাসে জমাকৃত টাকা ৫০০০০ অতিক্রম করবে? (উত্তর ক্রম বাচক সংখ্যায়)

৪। ভাজক ৭৮, ভাগফল ২৫ এবং ভাগশেষ হলো ভাজকের এক তৃতীয়াংশ। ভাজ্য কত?

৫। ৩০ জন শ্রমিক একটি কাজ ১৫ দিনে শেষ করতে পারে। এরূপে—

ক) ৩০ জনে ২ দিনে কতটুকু কাজ করতে পারবে?

খ) ৫ দিনে কাজটি শেষ করতে কত জন শ্রমিক প্রয়োজন?

গ) ২০ জন শ্রমিক ৫ দিনে কাজটি শেষ করতে কত জন শ্রমিক প্রয়োজন?

ঘ) ১০ দিনে কাজটি শেষ করতে হলে অতিরিক্ত কতজন শ্রমিক প্রয়োজন?

সফিউদ্দিন সরকার একাডেমি এন্ড কলেজ

২য় সপ্তাহের বাড়ির কাজ ২০২১

শ্রেণি: ৫ম বিষয়: বাংলা

প্রদত্ত অনুচ্ছেদ (পাঠ্যবই থেকে) পড়ে ১ ও ২ নং প্রশ্নের উত্তর লেখ:

“সার্থক জনম আমার জন্মেছি এই দেশে।” কবির এ কথা বলার অর্থ- আমাদের সৌভাগ্য ও স্বার্থকতা যে আমরা এদেশে জন্মেছি। আমরা বাঙালি। বাংলাদেশের প্রায় সকল লোক বাংলায় কথা বলে। তবে আমাদের দেশে যেমন রয়েছে প্রকৃতির বৈচিত্র্য, তেমনি রয়েছে মানুষ ও ভাষার বৈচিত্র্য। বাংলাদেশের পার্বত্য জেলাগুলোতে রয়েছে বিভিন্ন ক্ষুদ্র জাতিসত্তার লোকজন। এদের কেউ চাকমা, কেউ মুরং, কেউ তঞ্চঙ্গ্যা ইত্যাদি। এছাড়া রাজশাহী ও জামালপুরে রয়েছে সাঁওতাল ও রাজবংশীদের বসবাস। তাদের রয়েছে নিজ নিজ ভাষা। একই দেশ অথচ কত বৈচিত্র্য। এটাই বাংলাদেশের গৌরব। সবাই সবার বন্ধু, আপনজন। এদেশে রয়েছে নানা ধর্মের লোক। মুসলমান, হিন্দু, বৌদ্ধ ও খ্রিষ্টান। সবাই মিলেমিশে আছে যুগ যুগ ধরে। এরকম খুব কম দেশেই আছে।

১। নিচের শব্দগুলোর অর্থ লেখ:

সার্থক, জনম, সৌভাগ্য, সার্থকতা, প্রকৃতি, বৈচিত্র্য, পার্বত্য, ক্ষুদ্র, বসবাস, গৌরব, জাতিসত্তা, আপনজন, বন্ধু, মিলেমিশে, যুগ, খুব, কম, পরস্পরের, শ্রদ্ধা, কুমার।

২। নিচের (সংক্ষিপ্ত) প্রশ্নগুলোর উত্তর লেখ: (২ নম্বরের)

- আমরা কেন গর্ববোধ করি এবং মানুষের সাথে মানুষের সম্পর্ক কেমন?
- বাংলাদেশে কারা বাস করে এবং তাদের ভাষা কী?
- আমাদের দেশে কী কী বৈচিত্র্য দেখা যায়?
- বাংলাদেশের পার্বত্য জেলাগুলোতে কারা বাস করে। কয়েকটি ক্ষুদ্র জাতিসত্তার নাম লেখ।

নিচের (রচনামূলক) প্রশ্নগুলোর উত্তর লেখ: (৪ নম্বরের)

- একই দেশ, একই মানুষ অথচ কত বৈচিত্র্য- বলতে কী বোঝানো হয়েছে?
- সবাই সবার বন্ধু, আপনজন বলতে কাদের বোঝানো হয়েছে?

৩। নিচের যুক্তবর্ণগুলো ভেঙ্গে লেখ এবং বাক্য গঠন কর:

প্র, ক্ষ, ক্র, দ্ব, দ, ত্র, ধ্ব, জ, ন্ম, র্থ, ন্ন, খ্র, ষ্ট, স্প, স্ব, ত্ত, দ্র, ম্প, স্ট, ল্ন।

৪। (পাঠ্য বইয়ের) কবিতাংশটুকু পড়ে প্রশ্নগুলোর উত্তর লেখ:

গুনব আমি, ইঙ্গত কোন
মঙ্গল হতে আসছে উড়ে ॥
পাতাল ফেড়ে নামব নিচে
উঠব আবার আকাশ ফুঁড়ে;
বিশ্ব- জগৎ দেখব আমি
আপন হাতের মুঠোয় পুরে ॥

- কবি কীভাবে নিচে নামতে ও উপরে উঠতে চান? দুটি বাক্যে লেখ।
- কবিতাংশটির মূলভাব লেখ।
- কবি বিশ্বজগৎকে কীভাবে হাতের মুঠোয় পুরে নিতে চান তিনটি বাক্যে লেখ।

৫। বিরামচিহ্ন লেখ:

- দেশ হলো জননীর মতো জননী যেমন স্নেহ মমতা ও ভালোবাসা দিয়ে আমাদের আগলে রাখেন দেশও তেমনি তার আলো বাতাস ও সম্পদ দিয়ে আমাদের বাঁচিয়ে রেখেছে
- পোশাক পরিচ্ছদ ও ভিন্ন ভিন্ন ধরণের ভিন্ন ধাঁচের মিল আমাদের একটা জায়গায় সকলেই আমরা বাংলাদেশের অধিবাসী
- প্রাণী বৃক্ষলতা সব কিছুই প্রকৃতির দান তাকে ধ্বংস করতে নেই ধ্বংস করলে নেমে আসে নানা বিপর্যয় বন্যা, খরা, ঝড় ইত্যাদি।

৬। আবেদন পত্র লেখ:

মনেকর, তুমি দিনা/ দিহান। তুমি সাতার প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণির শিক্ষার্থী। তোমার বড় বোনের বিয়ের জন্য তিন দিনের ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি আবেদন পত্র লেখ।

৭। রচনা লেখ: এই দেশ এই মানুষ।